# বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

## সাভার, ঢাকা- ১৩৪১

**বিষয়ঃ তথ্য অধিকার বিষয়ে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী বিএলআরআই কর্তৃক গৃহীত কার্যক্রমের অক্টোবর'২২ হতে ডিসেম্বর'২২ প্রান্তিকের ত্রৈমাসিক হালনাগাদ প্রতিবেদন**

**[১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তিঃ**

২০২২-২০২৩ অর্থবছরের দ্বিতীয় প্রান্তিক (অক্টোবর'২২ হতে ডিসেম্বর'২২)-এ তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী প্রাপ্ত তথ্য প্রাপ্তির আবেদন ০৩ (তিন) টি এবং আপীল আবেদন ০২ (দুই) টি। উক্ত আবেদনসমূহের মধ্যে ০৩ (তিন) টি আবেদন এবং ০১ (এক) টি আপীল আবেদন নির্ধারিত সময়ের মধ্যেই নিষ্পত্তি করা হয়েছে। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত না হওয়ায় ০১ (এক) টি আপীল আবেদন নিষ্পত্তি করা হয়নি।

প্রমাণক হিসেবে ২০২২-২০২৩ অর্থবছরের দ্বিতীয় প্রান্তিক (অক্টোবর'২২ হতে ডিসেম্বর'২২)-এ প্রাপ্ত তথ্য প্রাপ্তির আবেদনের প্রতিবেদন সংযুক্ত করা হলো।

**[১.২] স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশঃ**

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যসমূহ বিভিন্ন সময়ে দাপ্তরিক ওয়েবসাইটে হালনাগাদ করে প্রকাশ করা হয়ে থাকে এবং ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদকৃত প্রতিবেদন ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে প্রেরণ করা হয়ে থাকে। এছাড়াও গত ২৯/১২/২০২২ খ্রিঃ তারিখে ইনস্টিটিউটের দাপ্তরিক ওয়েবসাইট পরিবীক্ষণ করে প্রয়োজনীয় সকল তথ্য হালনাগাদ করা হয়েছে।

প্রমাণক হিসেবে গত ২৯/১২/২০২২ খ্রিঃ তারিখে ইনস্টিটিউটের ওয়েবসাইট পরিবীক্ষণপূর্বক প্রদত্ত প্রত্যয়ন পত্র সংযুক্ত করা হলো।

**[১.৩] বার্ষিক প্রতিবেদন প্রকাশঃ**

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)-এর হালনাগাদকৃত বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২ নির্ধারিত সময়ের মধ্যেই ইনস্টিটিউটের উর্ধ্বতন কর্তৃপক্ষ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং তা মন্ত্রণালয় হতে প্রকাশিত হয়েছে।

প্রমাণক হিসেবে ইনস্টিটিউটের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনের কপি সংযুক্ত করা হলো।

**[১.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/হালনাগাদকরণঃ**

তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)-এর বিভিন্ন তথ্যাদি সন্নিবেশিত ক্যাটালগটি গত ২৯/১২/২০২২ খ্রিঃ তারিখে হালনাগাদ করা হয়েছে। গত ২১/১২/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এপিএ পরিবীক্ষণ কমিটির সভায় ক্যাটালগটি হালনাগাদ করবার বিষয়ে আলোচনা করা হয় এবং নির্ধারিত সময়ের মধ্যেই ক্যাটলগ হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রমাণক হিসেবে ক্যাটালগ হালনাগাদকরণের নোটিশ, হালনাগাদকৃত ক্যাটালগ এবং গত ২১/১২/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এপিএ পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী সংযুক্ত করা হলো।

**[১.৫] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণঃ**

**তথ্য অধিকার আইন-২০০৯ ও এর বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকল্পে** ২০২২-২০২৩ অর্থবছরের দ্বিতীয় প্রান্তিক (অক্টোবর'২২ হতে ডিসেম্বর'২২)-এ কোন প্রচার কার্যক্রম সম্পাদন করা হয়নি।

**[১.৬] তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজনঃ**

আলোচ্য প্রান্তিকে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)-এ তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে গত ০৩/১১/২০২২ খ্রিঃ তারিখে ইনস্টিটিউটের ২৪ (চব্বিশ) জন বিজ্ঞানী ও কর্মকর্তাদের অংশগ্রহণে ইনস্টিটিউটের চতুর্থ তলার সম্মেলন কক্ষে দিনব্যাপী একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

প্রমাণক হিসেবে প্রশিক্ষণ আয়োজনের পত্র এবং প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের উপস্থিতি তালিকা সংযুক্ত করা হলো।

**[১.৭] তথ্য অধিকার সংক্রান্ত প্রত্যেকটি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্সে প্রকাশঃ**

আলোচ্য প্রান্তিকে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)-এ তথ্য অধিকার সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে এবং তা তথ্য অধিকার সেবা বক্সে আপলোড করা হয়েছে।

প্রমাণক হিসেবে তথ্য অধিকার সংক্রান্ত ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে আপলোডের স্ক্রিনশট সংযুক্ত করা হলো।

দেবজ্যোতি
০৪/০১/২৩

দেবজ্যোতি ঘোষ
তথ্য কর্মকর্তা
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা।

# বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
## সাভার, ঢাকা-১৩৪১

২০২২-২০২৩ অর্থবছরের দ্বিতীয় প্রান্তিক (অক্টোবর'২২ হতে ডিসেম্বর'২২)-এ প্রাপ্ত তথ্য প্রাপ্তির আবেদনের প্রতিবেদনঃ

| ক্রমিক নং | দপ্তরের নাম | তথ্য অধিকার আইন, ২০০৯ এর ফরমেট অনুযায়ী তথ্য সরবরাহের জন্য প্রাপ্ত আবেদনের সংখ্যা | নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা | তথ্য প্রদানের সময়সীমা অতিক্রান্ত না হওয়ায় অনিষ্পন্ন আবেদনের সংখ্যা | অনুরোধকৃত তথ্য না দেওয়ার সিদ্ধান্তের সংখ্যা ও উক্ত সিদ্ধান্ত গ্রহণের কারণ | আপীলের সংখ্যা | আপীল নিষ্পত্তির সংখ্যা | কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে গৃহীত শাস্তিমূলক ব্যবস্থার সংখ্যা | তথ্য অধিকার (তথ্য প্রচার ও প্রকাশ) প্রবিধানমালা ২০১০ আলোকে তফসিল-১,২ বর্ণনামতে আপনার কার্যালয়ের স্বপ্রণোদিত তথ্য প্রকাশের গৃহীত কার্যক্রম বিষয়ক তথ্যাদি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট | ০৩ | ০৩ | ০ | ০ | ২ | ১ | - | ইনস্টিটিউটের ওয়েবসাইটে প্রকাশযোগ্য তথ্যসমূহ নিয়মিত হালনাগাদ করা হচ্ছে এবং তথ্য অধিকার আইন অনুসারে ইনস্টিটিউটের তথ্যাদির ক্যাটালগ ও স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যাদির তালিকা প্রণয়ন করা হয়েছে। | - |

দেবজ্যোতি
০৪/০১/২৩

দেবজ্যোতি ঘোষ
তথ্য কর্মকর্তা
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা।